দৈনিক বাংলা

তারিখ ... 04 APR 1994 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

35

# পাঁচ মেডিক্যাল কলেজে ধর্মঘট : সমাবেশ মিছিল

দেশের পাঁচটি নতুন মেডিক্যাল কলেজের ছাত্র–ছাত্রীদের কলেজগুলোর সরকারী আনুষ্ঠানিক স্বীকৃতির ব্যাপারে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।

রোববার কুমিল্লা, ফরিদপুর, বগুড়া, দিনাজপুর ও খুলনা মেডিক্যাল কলেজে পৃথক পৃথক ছাত্র সমাবেশ থেকে এই আহ্বান জানানো হয়।

সরকারী আনুষ্ঠানিক স্বীকৃতি, প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যাওয়ার

(৩–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## পাঁচ মেডিক্যাল

(প্রথম পৃষ্ঠার পর)

জন্য অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি নিশ্চিত করার দাবীতে ৫টি নতুন মেডিক্যাল কলেজের ছাত্র–ছাত্রীরা বর্তমানে ধর্মঘটে রয়েছেন। রোববার ছিল তাদের ধর্মঘটের দ্বিতীয় দিন।

ছাত্ররা বলেছেন, ১৯৯২ সালে প্রধানমন্ত্রীর অঙ্গীকার অনুযায়ী এই ৫টি নতুন মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা ও চালু করা হয়। কিন্তু কলেজগুলোর জন্য একাডেমিক ভবন, হাসপাতাল সুবিধাদিসহ অন্যান্য সুবিধাদির ব্যবস্থা করা হয়নি। এমনকি কলেজগুলোর স্থায়ী স্বীকৃতির ব্যাপারে 'একনেক' এখনো টালবাহনা চালিয়ে যাচ্ছে।

ছাত্র–ছাত্রীরা বলেছেন, কলেজগুলো অবস্থা বর্তমানে এমন পর্যায়ে পৌঁছেছে যে আর কিছুদিন পর কলেজগুলির ন্যূনতম শিক্ষার কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব হবে না। তারা মেধাবী ছাত্রদের এই বিপজ্জনক অবস্থা থেকে উদ্ধার করতে সরকারী উদ্যোগ কামনা করেছেন।

রোববার ধর্মঘটের দ্বিতীয় দিনে ৫টি মেডিক্যাল কলেজের ছাত্র–ছাত্রীরা ক্লাস বর্জন করে এবং একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকেন। তারা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলও বের করেন।

কুমিল্লা মেডিক্যাল কলেজের সমাবেশে আরিফ বিল্লাহ–আল–মাহমুদ, নাইমুল হাকিম রুমী, রাশেদুজ্জামান, ফরিদপুরে ইদ্রিস আলী, ফরিদ–উদ–দোলা, আফরোজা, বগুড়ায় শামীম আহমেদ রূপক, ইমরান, দিনাজপুরে আফজাল, আফসার এবং খুলনায় এটি এম মামুন পলাশ, এমরান প্রমুখ বক্তৃতা করেন। তারা অবিলম্বে ঐক্য পরিষদের ১২ দফা পূরণের দাবী জানান। খবর বিজ্ঞপ্তির।